

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/২৫ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০৫-আইন/২০১৫।—জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬৩ নং আইন) এর ধারা ৪ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা বিধানের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থাসমূহ গ্রহণ এবং সুবিধাদি প্রদান করিল, যথা :—

১। জাতির পিতার পরিবার-সদস্যগণের—

- (১) আবাসস্থলে কোন হৃষকি ও অন্তর্ভূতমূলক অবস্থা মোকাবেলা করিবার জন্য যথোপযুক্ত সুরক্ষিত ও নিরাপদ বেষ্টনী প্রস্তুত রাখা;
- (২) আবাসস্থলের চতুর্পার্শে নিরাপত্তাকর্মীদের কৌশলগত অবস্থান গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ;
- (৩) আবাসস্থলের পার্শ্ববর্তী কোন ভবন, স্থাপনা বা অবস্থান হইতে কোন প্রকার হৃষকি সৃষ্টি করিবার মত অবস্থা থাকিলে উহা অপসারণ কিংবা পরিবর্তনের মাধ্যমে আবাসস্থলের নিরাপত্তা নিশ্চিতকরণ;
- (৪) আবাসস্থলের চতুর্পার্শে সুড়ঙ্গ ভবনে বসবাসকারীদের উপর সার্বক্ষণিক গোয়েন্দা নজরদারী করা;
- (৫) আবাসস্থলে গমনাগমনের পথ যে কোন ধরনের আক্রমণ হইতে নিরাপদ রাখিবার ব্যবস্থা করা;
- (৬) আবাসস্থলে সার্বক্ষণিক ফায়ার সার্ভিসের গাড়ী প্রয়োজনীয় সরঞ্জামসহ প্রস্তুত রাখা;

(৩৪৭১)

মূল্য ৪ টাকা ৪.০০

- (৭) আবাসস্থলের ভিতরে যে সকল স্থানে তাহারা চলাফেরা করেন সে সকল স্থান সর্বদা নিরাপত্তা সুইপিং-এর ব্যবস্থা করা;
- (৮) আবাসস্থল সিসিটিভি ক্যামেরার আওতায় আনা;
- (৯) আবাসস্থলের ভিতরে এবং বাহিরে নিরাপত্তা এলার্ম স্থাপন করা;
- (১০) আবাসস্থলে প্রবেশকালে সকলকে মেটাল ডিটেক্টরের সাহায্যে পরীক্ষা করা;
- (১১) যে কোন বস্তু, দ্রব্য বা সরঞ্জাম আবাসস্থলে প্রবেশের পূর্বে স্ক্যান করা;
- (১২) আবাসস্থল হইতে তৎক্ষণিক নির্গমনের জন্য এক বা একাধিক বিশেষ নির্গমন পথের ব্যবস্থা রাখা;
- (১৩) আবাসস্থলে সার্বক্ষণিক প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োজিত রাখা।

২। জাতির পিতার পরিবার-সদস্যগণের জন্য—

- (১) সরকার কর্তৃক বরাদ্দকৃত বা তাহাদের মালিকানাধীন আবাসস্থলের প্রয়োজনীয় মেরামত, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের জন্য গণপূর্ত অধিদণ্ডের কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- (২) একজন ড্রাইভার ও প্রয়োজনীয় পেট্রোলসহ গাড়ির সুবিধা প্রদান;
- (৩) সরকারি খরচে টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ ও নিরাপদ পানির সরবরাহ করা এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন ইন্টারনেটের সুবিধা প্রদান;
- (৪) তৎক্ষণিক চিকিৎসা প্রদানের জন্য আবাসস্থলে সর্বদা স্বয়ংসম্পূর্ণ চিকিৎসা এ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা;
- (৫) দেশে এবং, প্রয়োজনবোধে, বিদেশে সরকারি খরচে চিকিৎসার ব্যবস্থা গ্রহণ;
- (৬) সরকারি খরচে একজন ব্যক্তিগত সহকারী, দুইজন বেয়ারা, একজন বাবুচি, একজন মালি ও একজন ঝাড়ুদার নিয়োগ করা।

৩। জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা বিধানের লক্ষ্যে অন্য কোন প্রকার সহায়তা বা আনুষঙ্গিক সরঞ্জাম বা দ্রব্যাদির প্রয়োজন হইলে সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা, যেমন-মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় উহা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্য্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব**

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd